

এইচএসসি অনিয়মিতদের প্রশ্নে নিয়মিতদের পরীক্ষা!

■ তাড়াশ (সিরাঙ্গাপুর) প্রতিনিধি
তাড়াশে এইচএসসি কম্পিউটার
শিক্ষা বিষয়ে নিয়মিত-অকৃতকার্য
শিক্ষার্থীদের জন্য নির্ধারিত-২০১১
সালের সিলেবাস) প্রশ্নপত্রের
মাধ্যমে নিয়মিত (২০১৪ সালের
সিলেবাস) ৩৬ পরীক্ষার্থীর পরীক্ষা
নেওয়ার চাক্ষু্যকর ঘটনা ঘটেছে।
বিষয়টি ওই কেন্দ্রের কেন্দ্র সচিব
নিশ্চিত করেছেন। গতকাল
বৃহস্পতিবার বিকেলে এইচএসসি
ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম) শাখায়
কম্পিউটার শিক্ষা বিষয়ে ৬০
নম্বরের তত্ত্বীয় পরীক্ষা ছিল। এতে
দুই ঘরনের প্রশ্ন ছিল। এর মধ্যে
নিয়মিত ছাত্রছাত্রীদের ২০১৪ সালের
সিলেবাস অনুযায়ী প্রশ্ন এবং
অনিয়মিত অর্থাৎ আগেরবার
অকৃতকার্য শিক্ষার্থীদের জন্য ২০১১
সালের সিলেবাস অনুযায়ী প্রশ্ন।
তবে তাড়াশ মহিলা ডিগ্রি কলেজ
কেন্দ্রের দায়িত্বপ্রাপ্তরা একই

প্রশ্নপত্রে অর্থাৎ ২০১১ সালের
সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্রের
মাধ্যমে নিয়মিত-অকৃতকার্য
পরীক্ষার্থীদের পরীক্ষা নিয়েছে।
পরীক্ষার্থীরা জানান, পরীক্ষা
চলাকালে বিষয়টি দায়িত্বপ্রাপ্তদের
জানানো হলে তারা ধমক দিয়ে চূপ
থাকতে বলেন। এদিকে ৩৬
পরীক্ষার্থীর পুরনো সিলেবাস
অনুযায়ী প্রশ্নপত্রের মাধ্যমে পরীক্ষা
নেওয়ার তাদের ফলাফল জানি
আসবে কি-না সে দৃষ্টিভায়ে
অনেকেই কান্নাকাটি শুরু করেন।
এ প্রসঙ্গে তাড়াশ ইউএনও বলেন,
তিনি বিষয়টি জেনেছেন এবং
উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছেন।
এ ব্যাপারে তাড়াশ মহিলা ডিগ্রি
কলেজ কেন্দ্রের কেন্দ্র সচিব অধ্যক্ষ
জাফর ইকবাল জানান, এটা শিক্ষক
এবং ছাত্রছাত্রীদের ভুলের কারণেই
হয়েছে। আমরা বিষয়টি পরীক্ষা
নিয়ন্ত্রককে জানিয়েছি। এতে
ছাত্রছাত্রীদের ফলাফলে প্রভাব
পড়বে না। তাড়াশ মহিলা ডিগ্রি
কলেজ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত
কর্মকর্তাদের বামবেয়াদিপনায় এর
আগে পরীক্ষা শুরু হওয়ার পর থেকে
একটি পরীক্ষায় ১৮ মিনিট পরে
প্রশ্নপত্র সরবরাহ করা হয়। এ ছাড়া
ইংরেজি বিষয়ে ৫ মিনিটের পরিবর্তে ৫
মিনিট দিয়ে পরীক্ষা নেওয়া হয়েছিল।
যা তাড়াশ ইউএনও পরীক্ষা রায়হান
কবির স্বীকার করেছেন।